গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন,
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd

# বিজ্ঞপ্তি

বিআরটিএ কর্তৃক ৯০জন ড্রাইভিং প্রশিক্ষণ মাস্টার ইন্সট্রাক্টর সার্টিফিকেশন প্রদানের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্ত অনুযায়ী আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

১) আবেদনকারী ন্যূনতম ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল/পাওয়ার/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল) ডিগ্রীধারী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল/মেকানিক্যাল/মেকাট্রোনিক্স) ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন;

২) আবেদনকারী বিআরটিএ স্বীকৃত ইন্সট্রাক্টর লাইসেন্সধারী হলে বিশেষ অগ্রাধিকার পাবেন;

৩) নির্বাচিত প্রার্থীদের ৬০ ঘন্টা প্রশিক্ষণ কোর্সে অংশ নিতে হবে। প্রশিক্ষণ শেষে নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া স্বাপেক্ষে তাঁদেরকে ড্রাইভিং প্রশিক্ষণ মাস্টার ইন্সট্রাক্টর সনদ প্রদান করা হবে;

৪) প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে;

৫) নিম্নবর্ণিত নিয়মানুসারে বিবরণীতে প্রদত্ত নম্বরবন্টর অনুযায়ী মূল্যায়ণ পূর্বক ১৫০ জন আবেদনকারীকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হবে;

| ক্রমিক নং | মানদন্ড | নম্বর |
|---|---|---|
| ১ | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল/পাওয়ার/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল) | ১২ নম্বর |
| ২ | বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং | ০৩ নম্বর |
| ৩ | ইন্সট্রাক্টর লাইসেন্স ধারী প্রার্থী | ০৩ নম্বর |
| ৪ | বয়স | ৪০ বছর পর্যন্ত - ০৩ নম্বর<br>৪০ বছরের উর্ধ্বে- ০২ নম্বর<br>(সর্বোচ্চ বয়সসীমা: ৫০ বছর) |

৬) আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ, দুপুর ১২:০০ ঘটিকা এর মধ্যে, চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বিআরটিএ ভবন, বনানী, ঢাকা বরাবর, নির্ধারিত নমুনা ছক মোতাবেক আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে (বিআরটিএ ওয়েবসাইট: www.brta.gov.bd থেকে নমুনা ছক ডাউনলোড করা যাবে)। আবেদনপত্রের সাথে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

৭) সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীগণকে ২৫ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখে বিআরটিএ সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৮) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে বিআরটিএ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

- বিআরটিএ।

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা,
তিন কপি)

# নমুনা ছক

বরাবর
চেয়ারম্যান
বিআরটিএ
বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: মাস্টার ইন্সট্রাক্টর | | | | |
| ২. | প্রার্থীর নাম: | বাংলায়ঃ | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | |
| ৩. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | | | |
| ৪. | জন্ম তারিখ: | দি \| ন \| মা \| স \| ব \| ৎ \| স \| র | ৫. জন্ম স্থান (জেলা): | | |
| ৬. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | মাস | দিন |
| ৭. | মাতার নাম: | | | | |
| ৮. | পিতার নাম: | | | | |
| ৯. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | |
| | ডাকঘর: | | | | |
| | পোস্টকোড নম্বর | | | | |
| | উপজেলা: | | | | |
| | জেলা: | | | | |
| ১০. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) | | |
| ১১. | জাতীয়তা: | | ১২. | লিঙ্গ: | |
| ১৩. | ধর্ম: | | ১৪. | পেশা: | |

১৫. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| ১৬. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): |
| ১৭. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |
| ১৮. | ড্রাইভিং লাইসেন্সের বিবরণ: |
| ১৯. | ইন্সট্রাক্টর লাইসেন্সের বিবরণ (যদি থাকে): |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ন সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর